

■■ সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮৭৯

১৩/ কিতাবুল ফারাইয (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ১২৩. যার কোন সন্তান নেই, তবে ভগ্নীরা আছে- সে সম্পর্কে।

باب مَنْ كَانَ لَيْسَ لَهُ وَلَدٌ وَلَهُ أَخَوَاتٌ

আরবী

حَدَّثَنَا مَنْصُورُ بْنُ أَبِي مُزَاحِمٍ، حَدَّثَنَا أَبُو بَكْرٍ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ، قَالَ جَاءَ رَجُلُ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ يَا رَسُولَ اللَّهِ يَسْتَفْتُونَكَ فِي الْكَلاَلَةِ فَمَا الْكَلاَلَةُ قَالَ " تُجْزِيكَ آيَةُ الصَّيْفِ " . فَقُلْتُ لأَبِي إِسْحَاقَ هُوَ مَنْ مَاتَ وَلَمْ يَدَعْ وَلَدًا وَلاَ وَالِدًا قَالَ كَذَلِكَ ظَنُّوا أَنَّهُ كَذَلِكَ .

বাংলা

২৮৭৯. মানসুর ইবন আবী মৃযাহিম (রহঃ) বারাআ' ইবন 'আযিব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা জনৈক ব্যক্তি নবী সাল্লাল্লাহ্থ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট হাযির হয়ে জিজ্ঞাসা করে, ইয়া রাসূলাল্লাহ্! আল-কুরআনের (يَسْتَفْتُونَكَ فِي الْكَلاَلَةِ) এ আয়াতে যে 'কালালা' শব্দের উল্লেখ আছে, বলুনঃ কালালা শব্দের অর্থ কি? তিনি বলেনঃ তোমার জন্য সেই আয়াতটি যথেষ্ঠ, যা গরমের সময় নাযিল হয়। (রাবী আবূ বকর বলেনঃ) আমি এ সম্পর্কে আবূ ইসহাকের নিকট জিজ্ঞাসা করি। (তিনি বলেন) কালালা হলো, যার মৃত্যুর পর সে কোন সন্তান এবং পিতামাতাকে রেখে যায় না। তখন তিনি বলেনঃ লোকদের ধারণাও এরূপ।

English

Narrated Al-Bara' ibn Azib:

A man came to the Prophet (ﷺ) and said: Messenger of Allah, they ask thee for a legal decision about a kalalah. What is meant by kalalah? He replied: The verse revealed in summer is sufficient for you.

I asked Abulshaq: Does it mean a person who dies and leaves neither children nor father? He said: This is so. The people think it is so.



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন